কালের কণ্ঠ

তারিখ ... 30 AUG 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

# শিক্ষামন্ত্রীর এপিএস হলেন জাকির হোসেন

নিজস্ব প্রতিবেদক ▷



বাস্তবায়নাধীন ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার মো. জাকির হোসেনকে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সহকারী একান্ত সচিব করা হয়েছে। সম্প্রতি জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব মো. আবুল হাছানাত হুমায়ুন কবীর স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে তাঁকে শিক্ষা মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়। তিনি মন্ত্রীর সাবেক সহকারী একান্ত সচিব মন্মথ বাড়ৈর স্থলাভিষিক্ত হয়েছেন এবং ইতিমধ্যে দায়িত্বভারও বুঝে নিয়েছেন।

শিক্ষা জীবনে জাকির হোসেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে স্নাতোকত্তর ডিগ্রি অর্জন করেছেন। কাজ করেছেন জাতীয় বিশ্ববিদ্যালয় ও একটি বেসরকারি সংস্থায়। তিনি কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলার মরহুম আবুল কাশেমের ছেলে। এর আগে তিনি মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা হিসেবেও পাঁচ বছর দায়িত্ব পালন করেছিলেন।